

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (১৯) সালাম ফিরানোর পর ইমামের ঘুরে না বসা
- (১৯) সালাম ফিরানোর পর ইমামের ঘুরে না বসা :

অধিকাংশ মসজিদে দেখা যায়, ইমাম সালাম ফিরানোর পর কিবলামুখী হয়ে বসে থাকেন। শুধু ফজর ও আছর ছালাতে ঘুরে বসেন। এটা সুন্নাত বিরোধী কাজ। বরং সুন্নাত হল, প্রত্যেক ফরয ছালাতে মুক্তাদীদের দিকে ঘুরে বসা। যেমন হাদীছে এসেছে-

عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ كَانَ النَّبِيُّ إِذَا صَلَّى صَلَاةً أَقْبَلَ عَلَيْنَا بِوَجْهِهِ.

সামুরা ইবনু জুনদুব (রাঃ) বলেন, নবী (ছাঃ) যখনই কোন ছালাত আদায় করতেন, তখনই আমাদের দিকে মুখ করে ঘুরে বসতেন।[1] রাসূল (ছাঃ) প্রত্যেক ছালাতেই সালাম ফিরানোর পর মুক্তাদীদের দিকে ঘুরে বসতেন।[2] অতএব শুধু ফজর ও আছর ছালাতে ঘুরে বসা ঠিক নয়। কারণ এর পক্ষে কোন দলীল নেই।

ফুটনোট

- [1]. ছহীহ বুখারী হা/৮৪৫, ১/১১৭ পৃঃ (ইফাবা হা/৮০৫, ২/১৫২ পৃঃ), 'আযান' অধ্যায়, অনুচ্ছেদ-১৫৬; ছহীহ মুসলিম হা/১৪৮১, ১/২২৯ পৃঃ, 'ছালাত' অধ্যায়, অনুচ্ছেদ-৪০; মিশকাত হা/৯৪৪ ও ৯০৯; বঙ্গানুবাদ মিশকাত হা/৮৮৩, ২/৩১৮ পৃঃ 'তাশাহহুদে দু'আ' অনুচ্ছেদ।
- [2]. ছহীহ বুখারী হা/৪০১, ৬৬১, ৮৪৭, ৯৭৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1934

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন